তারিখ JUL. 28 1999
পৃষ্ঠা ৮ কলাম ৩

ভোরের কাগজ

40

# কম্পিউটার শিক্ষা

বিনা মূল্যে কম্পিউটার প্রশিক্ষণ প্রদানে খ্যাত বাংলাদেশ কম্পিউটার অপারেটর কাউন্সিল (বিসিওসি) সম্প্রতি 'বিনা বেতনে সবার জন্য কম্পিউটার শিক্ষা' প্রকল্পের পাশাপাশি 'মহিলাদের জন্য বিনা বেতনে কম্পিউটার শিক্ষা' শীর্ষক একটি পৃথক কার্যক্রম শুরু করেছে। এ কার্যক্রমের অধীনে সম্পূর্ণ বিনা বেতনে কম্পিউটারের প্রাথমিক শিক্ষা/ কম্পিউটার বেসিকসসহ মাইক্রোসফট ওয়ার্ডের ওপর প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণার্থিনীদের সুবিধার্থে একাধিক শিফট ও ব্যাচের ব্যবস্থা রয়েছে। এই প্রশিক্ষণের তত্ত্বাবধানে আছেন বিসিওসির মহিলাবিষয়ক সম্পাদিকা আফরোজা সরকার ঝর্ণা। অন্যূন ষষ্ঠ শ্রেণী থেকে যেকোনো শিক্ষিত/উচ্চ শিক্ষিত ছাত্রী/ বেকার/ চাকরিজীবী মহিলা এই কোর্সে অংশগ্রহণ করতে পারবেন। তবে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে এ সুযোগ দেওয়া হবে। এই কার্যক্রমে অংশগ্রহণে আগ্রহীরা ভর্তি, তথ্য ও ফরমের জন্য প্রতি বৃহস্পতি, শুক্র, রবি, মঙ্গলবার সকাল ১০টা– বিকাল ৫টা পর্যন্ত বিসিওসির কার্যালয়ে যোগাযোগ করুন–

বাংলাদেশ কম্পিউটার অপারেটর কাউন্সিল (বিসিওসি)
'রেকর্ড', ২২৫ ফকিরাপুল (৫ম তলা)
[১ নং গলির মুখে মোল্লার বিল্ডিং]
মতিঝিল, ঢাকা-১০০০।

❑ অনবদ্য ফয়সল